গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০১.০৩.০০৬.২৪. ৪২

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১
১৩ জানুয়ারি ২০২৫

বিষয়: **জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি/২০২৫ মাসের সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি/২০২৫ মাসের সভা আগামী ১৯/০১/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় জেলা প্রশাসক, কুষ্টিয়া মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায়, উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-০১-২৫
(আদিত্য পাল)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
dckushtia.gsec@gmail.com

....
....
....

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. নেজারত ডেপুটি কালেক্টর, কুষ্টিয়া (সভার সার্বিক আয়োজনের নিমিত্ত)।
০২. গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
০৩. গোপনীয় সহকারী (উপপরিচালক, স্থানীয় সরকার মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
০৪. গোপনীয় সহকারী (অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/(বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
০৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

ডিসেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: তৌফিকুর রহমান
জেলা প্রশাসক, কুষ্টিয়া।
সভার তারিখ : ১৫ ডিসেম্বর ২০২৪।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয়া।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে নতুন যোগদানকারী বিভিন্ন দপ্তরের প্রধানগণকে অভিনন্দন জানানো হয় এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে চলমান উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেয়ার আশাবাদ ব্যক্ত করা হয়। গত ১৭ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত নভেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অদ্যকার সভার কার্যপত্র সভায় উপস্থাপন করা হয়। ঔষধ তত্ত্বাবধায়ক, কুষ্টিয়া কর্তৃক তার দপ্তর সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রম Power point presentation এর মাধ্যমে উপস্থাপন করা হয়। সুন্দর উপস্থাপনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অত:পর বিভিন্ন দপ্তরের চলমান উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে ধারাবাহিকভাবে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র:	দপ্তর ভিত্তিক আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	জেলা পর্যায়ের মাসিক উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠান	মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখার ০৮/০৮/২০১৬ তারিখের পরিপত্র মোতাবেক জেলা পর্যায়ে প্রতি মাসের ৩য় রবিবার সকাল ১০:০০ ঘটিকায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের ৩য় রবিবার সকাল ১০:০০ ঘটিকায় এ সভা অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	সকল সদস্য
২	গণপূর্ত বিভাগের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা	গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। নার্সিং ট্রেনিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে উন্নীতকরণের কাজ চলমান আছে, অগ্রগতি ৯০%। প্রতিটি জেলা ও উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৮৬%। কুষ্টিয়া জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ প্রকল্পের মূল ভবনের কাজ সমাপ্ত হয়েছে। সামগ্রিক প্রকল্পের ভিত্তিতে কাজের ভৌত অগ্রগতি	কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হওয়ায় তা দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ কুষ্টিয়া

		বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারের দালালদের হাসপাতালে প্রবেশ বন্ধ করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
৬	জেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম	জেলা প্রাণিসম্পদ অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী কৃত্রিম প্রজননকৃত গাভীর সংখ্যা-৬,৬৪১টি, বাচ্চা উৎপাদন-২,৪৬৭টি, গবাদি পশুর চিকিৎসা দেয়া হয় ৮,৭৪২টি ও হাঁস মুরগির চিকিৎসা দেয়া হয় ৬৩,৫৩২টি। এছাড়া দুধ উৎপাদন করা হয়েছে ১০,৫৯০ মে.টন, মাংস উৎপাদন করা হয়েছে ৯,৭৫৫ মে.টন এবং ডিম উৎপাদন করা হয়েছে ২.৩১ কোটি। হাঁস-মুরগী ও গবাদি পশুর শীতকালীন রোগ বালাই সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	হাঁস-মুরগী ও গবাদি পশুর শীতকালীন রোগ বালাই সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুষ্টিয়া।
৭	জেলা শিক্ষা অফিসের কার্যক্রম	জেলা শিক্ষা অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু ও সুন্দরভাবে বৈষম্যবিরোধী আন্দোলনে শহিদ ও আহতদের স্মরণে স্মরণসভা এবং জুলাই গণঅভ্যুত্থানের ঘটনাপ্রবাহ নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের সাথে মাসিক সমন্বয় সভা এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। জানুয়ারি/২০২৫ মাসের শুরু থেকেই ক্লাস রুটিন অনুযায়ী যথানিয়মে পাঠদান কার্যক্রম শুরু করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	জানুয়ারি/২০২৫ মাসের শুরু থেকেই ক্লাস রুটিন অনুযায়ী যথানিয়মে পাঠদান কার্যক্রম শুরু করতে হবে।	জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৮	জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কার্যক্রম	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনে বিভিন্ন কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি/নিবন্ধন বিষয়ক কার্যক্রম অব্যাহত রয়েছে। জানুয়ারি/২০২৫ মাসের শুরু থেকেই ক্লাস রুটিন অনুযায়ী যথানিয়মে পাঠদান কার্যক্রম শুরু করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	জানুয়ারি/২০২৫ মাসের শুরু থেকেই ক্লাস রুটিন অনুযায়ী যথানিয়মে পাঠদান কার্যক্রম শুরু করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কুষ্টিয়া।
৯	জেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রম	পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী সক্ষম দম্পতির সংখ্যা ৪,৬১,৪২১টি, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী ৩,৬৪,৫২৬ জন, পদ্ধতি গ্রহণের হার ৭৯%, ৬,৮৯১ জন গর্ভবতী মায়ের যত্ন নেয়া হয়েছে এবং ১,৭৭০টি জীবিত শিশু জন্মগ্রহণ করেছে। শিশু জন্মের পরপরই জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্বুদ্ধ করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	শিশু জন্মের পরপরই জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি জন্ম নিবন্ধনের বিষয়ে সংশ্লিষ্টদের সহযোগিতা করতে হবে।	উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুষ্টিয়া।
১০	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন উন্নয়নমূলক কার্যক্রম	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী বিভিন্ন প্রকল্পের অধীন সর্বমোট ৪৮,৭৭৯.০৮ লক্ষ টাকা প্রাক্কলনে ৩০১টি প্রতিষ্ঠানে অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২৫৬টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে ও ৪৫টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। গড়	কুষ্টিয়া সরকারি কলেজের চলমান প্রকল্পের কাজ দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।

		৯১%। কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ২৫%। বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ইন্সটিটিউট এবং মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হওয়ায় তা দ্রুত হস্তান্তরের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
৩	এলজিইডি'র আওতায় গৃহীত কার্যক্রম	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে গৃহীত প্রকল্প সংখ্যা ১৯টি, প্রাক্কলিত ব্যয় ১,০৬,৯৮৮.৪১ লক্ষ টাকা, ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ ৪,৪৯৯.২৪ লক্ষ টাকা, বাস্তবায়ন অগ্রগতি ৭১.৭৪%। পিইডিপি-৪ এর আওতায় সকল অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে প্রাক্কলন অনুযায়ী সমাপ্ত করা এবং সমাপ্ত কাজের গুণগতমান নিশ্চিত করে যথাসময়ে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	পিইডিপি-৪ এর আওতায় সকল অবকাঠামো উন্নয়ন কাজ নির্ধারিত সময়ের মধ্যে প্রাক্কলন অনুযায়ী সমাপ্ত করে যথাসময়ে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী এলজিইডি, কুষ্টিয়া।
৪	সড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম	সড়ক বিভাগ, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ঝিনাইদহ-কুষ্টিয়া-পাকশী-দাশুরিয়া জাতীয় মহাসড়ক (এন-৭০৪) এর কুষ্টিয়া শহরাংশ ৪-লেনে উন্নীতকরণসহ অবশিষ্টাংশ যথাযথমানে উন্নীতকরণ প্রকল্পের ০৪টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে ও ০১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৭২%। কুষ্টিয়া (ত্রিমোহনী)-মেহেরপুর-চুয়াডাঙ্গা-ঝিনাইদহ (আর-৭৪৫) আঞ্চলিক মহাসড়কের কুষ্টিয়া হতে মেহেরপুর পর্যন্ত যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণের ০৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। সড়ক বিভাগের আওতাধীন মহাসড়কে বিদ্যমান সরু ও ঝুঁকিপূর্ণ পুরাতন কংক্রিট সেতু/বেইলী সেতুসমূহের স্থলে কংক্রিট সেতু নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। বিআরবি কেবলস ইন্ডাস্ট্রিজ লি: এর সামনের মহাসড়ক নির্মাণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনপূর্বক চলমান প্রকল্পের কাজ দ্রুত সমাপ্তকরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	বিআরবি কেবলস ইন্ডাস্ট্রিজ লি: এর সামনের মহাসড়ক নির্মাণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনপূর্বক উক্ত প্রকল্পের কাজ দ্রুত সমাপ্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী (সওজ), সড়ক বিভাগ, কুষ্টিয়া।
৫	২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের কার্যক্রম	২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী বহিঃবিভাগ ও জরুরী বিভাগে ৪৬,৬৪৮ জন এবং আন্তঃবিভাগে ২৪,০১১ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। আন্তঃবিভাগে নতুন ভর্তিকৃত রোগীর সংখ্যা ৭,২২৬ জন, শয্যা ব্যবহারের হার ৩২০.১৪%, মেজর অপারেশন করা হয় ৬৫৪টি ও মাইনর অপারেশন করা হয় ৯৮৪টি। এছাড়া বিবেচ্য মাসে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ২০৬ জন। বিভিন্ন ঔষধ কোম্পানির রিপ্রেজেন্টেটিভ ও পার্শ্ববর্তী	বিভিন্ন ঔষধ কোম্পানির রিপ্রেজেন্টেটিভ ও পার্শ্ববর্তী বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারের দালালদের হাসপাতালে প্রবেশ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল কুষ্টিয়া।

		অগ্রগতি ৮৪%। এ পর্যন্ত মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৪২,৫৪৪.৩১ লক্ষ টাকা। কুষ্টিয়া সরকারি কলেজের চলমান প্রকল্পের কাজ দ্রুত শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।		
১১	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন উন্নয়নমূলক কার্যক্রম	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ৯,২৪২টি টিউবওয়েল বরাদ্দ প্রদান করা হয়েছে। এনএনজিপিএস Wash Block ৫২টির মধ্যে ৪৫টি, জিপিএস Wash Block এর ৩৬টির মধ্যে ৩৬টি ও PEDP-4 প্রকল্পের আওতায় ২২২টি নির্মাণ কাজের মধ্যে ৪৮টি হস্তান্তর করা হয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে প্রাক্কলন অনুযায়ী সমাপ্ত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	PEDP-4 প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে প্রাক্কলন অনুযায়ী সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।
১২	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কার্যক্রম	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী বাজার তদারকির সংখ্যা ২২টি, তদারকিকৃত প্রতিষ্ঠানের সংখ্যা ৩৬৭টি, অভিযোগ নিস্পত্তির সংখ্যা ০৫টি, দন্ডিত প্রতিষ্ঠানের সংখ্যা ৫৭টি এবং আদায়কৃত জরিমানার পরিমাণ ২,৬৮,০০০ টাকা। পরিবর্তিত পরিস্থিতিতে প্রান্তিক কৃষকদের ন্যায্যমূল্যে রাসায়নিক সার প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	প্রান্তিক কৃষকদের ন্যায্যমূল্যে রাসায়নিক সার প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বাজার মনিটরিং কার্যক্রম বৃদ্ধিসহ অসাধু ডিলারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া।
১৩	ওজোপাডিকোলি কুষ্টিয়ার বিক্রয় ও বিতরণ বিভাগ-১ এর হালনাগাদ তথ্য	বিক্রয় ও বিতরণ বিভাগ-২, ওজোপাডিকো লি:, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী মোট গ্রাহক সংখ্যা ৩৮,৯৭৭ জন, নতুন সংযোগ প্রদান করা হয়েছে ১৫৪টি, মোট বিলের পরিমাণ ১৫,৬০,০৫,৭৭৫ টাকা, আদায়ের পরিমাণ ১৫,৩০,৭৫,১৫০ টাকা ও সিস্টেম লস হয়েছে ৪.১০%। সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	চলতি ভরা মৌসুমে সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী বিবিবি-২ ওজোপাডিকোলি কুষ্টিয়া
১৪	কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির হালনাগাদ তথ্য	পল্লী বিদ্যুৎ সমিতি, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী মোট গ্রাহক সংখ্যা ৫,৮২,৭২৩ জন, মোট বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা ৯৬৩টি, বিলের পরিমাণ ২৭৩,৪৯,৩০,৭৪১ টাকা, রাজস্ব আদায়ের পরিমাণ ১০১% ও সিস্টেম লস হয়েছে ০.৭৮%। সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	চলতি ভরা মৌসুমে সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি কুষ্টিয়া।
১৫	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের কার্যক্রম	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী বিদেশে চাকুরি প্রার্থীদের নিবন্ধন করা হয়েছে ১,২৫৭ জনকে। বিদেশে গমন করেছে ১,৩৩৩ জন। বৈদেশিক চাকুরী প্রার্থীর	বিদেশ গমনেচ্ছুদের সার্বিক সহায়তা প্রদান করতে হবে।	সহকারী পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস কুষ্টিয়া

		ফিঙ্গার প্রিন্ট নেয়া হয়েছে ১,৩৮০ জনের। বিদেশ গমনেচ্ছুদের সার্বিক সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
১৬	আঞ্চলিক পাসপোর্ট অফিসের কার্যক্রম	আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ৩,৪৩৭টি (সাধারণ ও জরুরী) পাসপোর্টের আবেদন গ্রহণ ও ৩,৮৮১টি (সাধারণ ও জরুরী) পাসপোর্ট ইস্যু করা হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিসে আগত সেবা প্রার্থীগণ দালাল চক্র কর্তৃক প্রতারিত হচ্ছে কিনা তা খতিয়ে দেখার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	আঞ্চলিক পাসপোর্ট অফিসে আগত সেবা প্রার্থীগণ দালাল চক্র কর্তৃক প্রতারিত হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে হবে।	আঞ্চলিক পাসপোর্ট অফিসার, কুষ্টিয়া
১৭	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর কার্যক্রম	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ৬৯ জন সদস্য অন্তর্ভুক্ত, ৫.৫৩ লক্ষ টাকা মূলধন গঠন, ৮০ জনকে প্রশিক্ষণ প্রদান, ২১২.০৪ লক্ষ টাকা ঋণ বিতরণ, ১৬৬.৫৩ লক্ষ টাকা ঋণ আদায়, ৮৮.০০ লক্ষ টাকা এসএমই ঋণ বিতরণ ও ১১৭.৩৯ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ৪৯১ জন এবং আদায়ের হার ৭৫%। ঋণ গ্রহীতাগণ অন্যান্য এনজিও হতে ঋণ গ্রহণ করছে কিনা তা খতিয়ে দেখার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	ঋণ গ্রহীতাগণ অন্যান্য এনজিও হতে ঋণ গ্রহণ করছে কিনা তা খতিয়ে দেখতে হবে।	উপপরিচালক বিআরডিবি, কুষ্টিয়া
১৮	জেলা সঞ্চয় অফিসের কার্যক্রম পর্যালোচনা	জেলা সঞ্চয় অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরে সঞ্চয়পত্র বিক্রয়ের মাধ্যমে অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১৬৩ কোটি টাকা। চলতি মাসে ৭ কোটি ৯০ লক্ষ টাকা সঞ্চয়পত্র বিক্রয় ও ০.৩৪ কোটি টাকা উৎসে কর কর্তন করা হয়েছে।	সঞ্চয়কারীগণের লভ্যাংশসহ সমুদয় সঞ্চয়ের টাকা মেয়াদপূর্তির পর যথাসময়ে ফেরত দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস কুষ্টিয়া
১৯	পাট অধিদপ্তরের কার্যক্রম	পাট অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এবং বিধিমালা ২০১৩' ও পাট আইন ২০১৭ এর প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম অব্যাহত আছে। ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৪৮৬ খানা বিভিন্ন প্রকারের পাট ও পাটজাত পণ্যের ব্যবসার লাইসেন্স প্রদান করা হয়েছে। রাজস্ব আদায়ের পরিমাণ ৪,৪৪,৭৫০ টাকা। বর্তমানে প্রতি মন পাটের বাজার দর ৩,১০০ টাকা থেকে ৩,৬০০ টাকা। "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান আছে।	পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।	মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর কুষ্টিয়া
২০	সামাজিক বন বিভাগের কার্যক্রম	সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরে পরিচালন ব্যয় খাতে ৪০ কি.মি. নতুন বাগান সৃজন ও ৪০,০০০টি চারা বিক্রয়ের জন্য উত্তোলনের বাজেট বরাদ্দ পাওয়া গেছে	পরিবেশের ভারসাম্য রক্ষায় নতুন নতুন বাগান সৃজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও তা	বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া

		এবং এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে নতুন নতুন বাগান সৃজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও তা বাস্তবায়নের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	
২১	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন উন্নয়নমূলক কার্যক্রম	বাপাউবো, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী গড়াই নদী ড্রেজিং ও তীর সংরক্ষণ প্রকল্পের ড্রেজিং এর কাজ চলমান রয়েছে। 'পদ্মা নদীর ভাঙ্গন হতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন তালবাড়িয়া এবং কুমারখালী উপজেলাধীন শিলাইদহ ইউনিয়নের কোমরকান্দি এলাকা রক্ষা' শীর্ষক প্রকল্পের আওতায় কুমারখালী উপজেলাধীন শিলাইদহ ইউনিয়নের কোমরকান্দি এলাকায় জিও ব্যাগ ও ব্লক তৈরির কাজ চলমান রয়েছে। অতিসত্বর উক্ত প্রকল্প বাস্তবায়ন করা না গেলে কুষ্টিয়া-পাবনা মহাসড়কসহ গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা রক্ষা করা দুরূহ হয়ে পড়বে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	পদ্মা নদীর ভাঙ্গন রোধে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া পওর বিভাগ বাপাউবো, কুষ্টিয়া।
২২	জেলা খাদ্য বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা।	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী অবৈধ মজুদদারদের বিরুদ্ধে অভিযান ও বাজার মনিটরিং জোরদারকরণ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৪-২০২৫ কর্মসূচির আওতায় এ পর্যন্ত ১৮১৫ মে.টন সিদ্ধ চাল ও ১৫ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। এলএসডিসমূহে বর্তমানে ৯২৫০.২৬২ মে.টন চাল ও ২২৫.৬৮৪ মে.টন গম মজুদ আছে।	অভ্যন্তরীণ আমন সংগ্রহ/ ২০২৪-২০২৫ কর্মসূচি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক কুষ্টিয়া।
২৩	জেলা পরিসংখ্যান অফিসের কার্যক্রম	জেলা পরিসংখ্যান অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী অর্থনৈতিক শুমারি-২০২৩ শীর্ষক প্রকল্পের মূল শুমারির গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ সম্পন্ন করে আইসিএমএস এ এন্ট্রি করা হয়েছে। ২২টি টিএসইউ এ হেলথ এন্ড মরবিডিটি সার্ভের তথ্য সংগ্রহের কাজ চলছে। নির্ধারিত ০২টি মার্কেট (০১টি শহর ও ০১টি গ্রাম) হতে নির্ধারিত পণ্যের বাজার মূল্য সংগ্রহ করে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। 'ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেমেন্ট এন্ড রিবেজিং অব ইন্ডিসেস' প্রকল্পের কাজ চলমান আছে।	অর্থনৈতিক শুমারি-২০২৩ শীর্ষক প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।	জেলা পরিসংখ্যান অফিসার, কুষ্টিয়া।
২৪	কুষ্টিয়া পৌরসভার কার্যক্রম	কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী চলতি অর্থবছরে গৃহীত ২৯টি প্রকল্পের মধ্যে ০৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ২৬টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। পৌরসভার অভ্যন্তরে অবৈধভাবে নির্মিত দোকান অপসারণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	পৌরসভার অভ্যন্তরে অবৈধভাবে নির্মিত দোকান অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসক কুষ্টিয়া পৌরসভা কুষ্টিয়া।

২৫	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যক্রম	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী চলতি রবি/২০২৪-২৫ মৌসুমে ফসল আবাদের লক্ষ্যমাত্রা বোরো ধান ৩৬,৪৬৪ হে., গম ১২৭১৬ হে., আলু ১০৬৯ হে., মিষ্টি আলু ৬০ হে., সরিষা ১৫১৪৭ হে., ভূট্টা ১১৫১০ হে., সবজি ৬৬৮২ হে., পেঁয়াজ ১৩২৪২ হে., মসুর ৬৮০০ হে., খেসারি ১৪৭০ হে., সূর্যমুখী ১৪২ হে., চিনাবাদাম ১১০৫ হে. এবং এ পর্যন্ত অগ্রগতি গম ১১০০৫ হে., আলু ৯৭৪ হে. মিষ্টি আলু ৫৫ হে., সরিষা ১৫২৭৫ হে., ভূট্টা ৮১৯৫ হে., সবজি ৬০৪৯ হে., পিঁয়াজ ৩৮৪১ হে., মসুর ৫৭৫৮ হে., খেসারি ১৪৪৩ হে., সূর্যমুখী ৯ হে. ও চিনাবাদাম ১২৫ হে.। ট্রান্সপোর্টের কারণে সার সরবরাহ বিঘ্নিত হচ্ছে এবং সারের সংকট দেখিয়ে বাজারে কেজি প্রতি ৩/৪ টাকা বেশি মূল্যে সার বিক্রি হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। যেকোন অযুহাতে সার সরবরাহ যেন বাধাগ্রস্ত না হয় তা নিশ্চিত করাসহ সারের ব্যবস্থাপনা সঠিকভাবে করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	যেকোন অযুহাতে সার সরবরাহ যেন বাধাগ্রস্ত না হয় তা নিশ্চিত করাসহ সারের ব্যবস্থাপনা সঠিকভাবে করতে হবে। উপসহকারী কৃষি কর্মকর্তাদের কার্যক্রম মনিটরিং করতে হবে।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়া।
২৬	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের কার্যক্রম	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী খোকসা উপজেলার নবায়ন জরিপ কার্যক্রমের খসড়া মানচিত্র প্রণয়ন ও ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গবেষণা কার্যক্রমের জন্য কৃষকদের মাঝে খোকসা উপজেলায় ব্রিধান-৯২ ও ভেড়ামারা উপজেলায় উফশী ভূট্টা বীজ বিতরণ করা হয়েছে।	মাটি পরীক্ষার মাধ্যমে উপযুক্ত ফসল নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কুষ্টিয়া
২৭	জেলা পরিষদের কার্যক্রম	জেলা পরিষদ, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে এডিপি তহবিলের আওতায় বরাদ্দকৃত ৫০০.০০ লক্ষ টাকায় গৃহীত ২৩৮টি প্রকল্পের মধ্যে ৫৪টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। রাজস্ব তহবিলের আওতায় বরাদ্দকৃত ৫০৬.০৬ লক্ষ টাকায় গৃহীত ২৫৭টি প্রকল্পের মধ্যে ৬৪টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ৬০%।	চলমান প্রকল্পের কাজ সিডিউল মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, কুষ্টিয়া
২৮	যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম	যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্য অনুযায়ী ৫১০ জনকে প্রশিক্ষণ প্রদান, ৬৩,৫০,০০০ টাকা ঋণ বিতরণ ও ১০৩ জনকে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।	যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।	উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর কুষ্টিয়া
২৯	জেলা তথ্য অফিসের কার্যক্রম	জেলা তথ্য অফিস, কুষ্টিয়া এর নভেম্বর/২০২৪ মাসের তথ্যানুযায়ী ১০টি চলচ্চিত্র প্রদর্শনী, ১৮টি সড়ক প্রচার, ০৩টি উন্মুক্ত বৈঠক, ১২টি সভা/মিটিংয়ে পিআই কভারেজ, ০৭টি এইচআইভি ভ্যাকসিনেশন বিষয়ে চলচ্চিত্র প্রদর্শনী ও ০৫ ইউনিট এইচআইভি ভ্যাকসিনেশন বিষয়ে পথ প্রচার করা হয়। তারুণ্যের	তারুণ্যের উৎসব ২০২৫ এর প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র তথ্য অফিসার কুষ্টিয়া

		উৎসব ২০২৫ এর প্রচার প্রচারণা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
৩০	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কার্যক্রম	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, কুষ্টিয়া কর্তৃক নভেম্বর/২০২৪ মাসে বাপবিবো'র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধন প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী ১৩০৭ কি.মি. লাইন এবং ০৭টি উপকেন্দ্র অন্তর্ভুক্ত রয়েছে। ৪২টি কার্যাদেশের চুক্তি সম্পাদিত হয়েছে। মাঠ পর্যায়ে ৩৬টি কার্যাদেশের লাইন নির্মাণ কাজ চলমান রয়েছে। ৬৪০.৯৫১ কি.মি. লাইনের মধ্যে বিবেচ্য মাস পর্যন্ত ২৩৬ কি.মি. লাইন নির্মিত হয়েছে।	চলমান প্রকল্পের কাজ সিডিউল মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কুষ্টিয়া
৩১	জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনা	এটুআই হতে প্রদত্ত রিপোর্ট অনুযায়ী কুষ্টিয়া জেলার ওয়েব পোর্টালের হালনাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ রাখাসহ ওয়েব সাইট ইংরেজি ভার্সন করে রিপোর্ট করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইট হালনাগাদকরণসহ বাংলার পাশাপাশি ইংরেজি ভার্সন করে রিপোর্ট করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ও প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর কুষ্টিয়া।
৩২	সরকারি কর্মকর্তাদের কর্মস্থলে অবস্থান	জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের আবশ্যিকভাবে নিজ নিজ কর্মস্থলে অবস্থান সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রতিপালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে কর্মস্থলে অবস্থান করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল), কুষ্টিয়া।
	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতি	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী উর্ধ্বতন অফিসসমূহের দৃষ্টিগোচরে যাওয়ার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে আবশ্যিকভাবে এ সভায় উপস্থিত থাকার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে আবশ্যিকভাবে এ সভায় উপস্থিত থাকতে হবে।	সকল সদস্য

সভায় অন্যান্য দপ্তরের উল্লেখ্যযোগ্য আর কোন আলোচনার বিষয় না থাকায় জেলা প্রশাসনের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনে সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/০২/২৫

(মো: তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
কুষ্টিয়া।
ফোন ০২৪৭৭৭-৮২৩০০
dckushtia@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৫০০০.০০১.০৬.০০১.২৪. ২৭

তারিখ : ২২ পৌষ ১৪৩১ / ০৬ জানুয়ারি ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। পুলিশ সুপার, কুষ্টিয়া।
৬। বিভাগীয় প্রধান (সকল), কুষ্টিয়া।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুষ্টিয়া।
৮। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কুষ্টিয়া। [কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে অন্তর্ভূক্তির অনুরোধসহ]
৯। অফিস কপি।

০৬/০১/২৫

জেলা প্রশাসক
কুষ্টিয়া।